মন্ত্রণালয়/বিভাগের নাম: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
দপ্তরের নাম: যুব উন্নয়ন অধিদপ্তর

**বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।**

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১. | ঋণের ডাটাবেজ তৈরির মাধ্যমে ঋণ নিরীক্ষা কার্যক্রম সহজিকরণ তারিখ: ২৭/০৪/২০২৩ খ্রি. | ঋণ কার্যক্রমের স্বচ্ছতা এবং শৃংখলা বজায় রাখার স্বার্থে প্রতিটি কার্যালয়ে ঋণের ডাইনামিক ডাটাবেজ তৈরির মাধ্যমে সকল ঋণীর তথ্য সংরক্ষণ করা। প্রতিটি উপজেলা কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারি এ কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রস্তুতকৃত সফটওয়্যারে ঋণের ডাটা এন্ট্রি করেন এবং তা সার্ভারে সংরক্ষিত হয়। এ ডাটাবেজ ব্যবহার করে ভার্চুয়ালী যে কোন উপজেলার ঋণ কার্যক্রম নিরীক্ষা এবং তদরকী করা সম্ভব। এতে ঋণ কার্যক্রমের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পাদনে সময়, অর্থ এবং যাতায়াত সাশ্রয় হবে এবং বছরে অধিক সংখ্যক উপজেলাকে নিরীক্ষার আওতায় আনা যাবে। | কার্যকর আছে | এ আইডিয়া বাস্তবায়নের ফলে প্রধান কার্যালয় এবং জেলা কার্যালয় থেকে ঋণ কার্যক্রম ভার্চুয়ালি মনিটিরিং করা সম্ভব হচ্ছে। ঋণের ডিজিটাল ডাটাবেজ তৈরি হওয়ায় তা ব্যবহার করে সহজে নিরীক্ষা সম্পাদান করা সম্ভব হচ্ছে। | http://103.48.16.204/loanee/ | সেবা চালু রয়েছে |
| ০২. | যুব ঋণ গ্রহীতার জন্য ডিজিটাল পাস বহি চালুকরণ তারিখ: ২৯/১২/২০২১ খ্রি. | ঋণের ম্যানুয়াল পাস বহিকে ডিজিটাল পাস বহিতে রূপান্তর করা হয়েছে। এর ফলে একজন ঋণ গ্রহীতা যে কোন স্থান থেকে যে কোন সময় তার ঋণ পরিশোধের হালনাগাদ অবস্থা ডিজিটাল ডিভাইস (এনড্রয়েড মোবাইল/ল্যাপটপ ইত্যাদি)-এর মাধ্যেমে জানতে পারবে এবং প্রয়োজনে প্রিন্ট নিতে পারবে। | কার্যকর আছে। প্রাথমিকভাবে সাতক্ষীরা সদর এবং খুলনা জেলার রূপসা উপজেলার ঋণ গ্রহীতাদের জন্য এ সেবা চালু করা হয়েছে। | হ্যা। ঋণের ডিজিটাল পাসবহি ব্যবহারের ঋণ কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত হয়েছে, ঋণ গ্রহীতার আস্থা বৃদ্ধি পেয়েছে। | http://193.48.16.204/mcms/ | সেবা চালু রয়েছে |

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০৩. | অনলাইন যুব সংগঠন নিবন্ধন<br>তারিখ: ১৫/০৬/২০২০ খ্রি. | যুব সংগঠন নিবন্ধনের উদ্দেশ্যে ফরম-'ক' এবং পূর্বে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে তালিকাভূক্ত যুব সংগঠন তাদের স্বীকৃতিপত্রের জন্য ফরম-'খ' অনুযায়ী নিবন্ধন কর্তৃপক্ষের (উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর) নিকট অনলাইনে আবেদন করতে পারেন। আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় দলিলাদি এবং অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার ট্রেজারি চালানের কপি সংযুক্ত করতে হয়। আবেদনপত্র প্রয়োজনীয় যাচাই পূর্বক আবেদনকারি সংগঠনকে নিবন্ধন সনদ/স্বীকৃতি পত্র প্রদান করা হয়। | কার্যকর আছে।<br>(গাজীপুর সদর, চট্টগ্রামের শীতাকুন্ড | অনলাইনে এবং সহজেই যুব সংগঠনের নিবন্ধন প্রাপ্তির সুযোগ তৈরী হয়েছে। | http://103.48.16.216/Clubreg/ | সেবা চালু রয়েছে |
| ০৪. | ই-লার্নিং | ডিজিটাল প্লাটফর্মের(মুক্ত পাঠ) মাধ্যমে যুবরা অনলাইনে যাতে প্রশিক্ষণ গ্রহণ করতে পারে সেজন্য নির্ধারিত প্রশিক্ষণের অন-লাইন কন্টেন্ট প্রস্তুত করে মুক্তপাঠ প্লাটফর্মে আপলোড করা হয়েছে। | কার্যকর আছে।<br>(স্বল্প পুঁজিতে কোয়েল পালন, গরু রমোটাতাজাকরণ, পুকুরে মিশ্রচাষের কৌশল) | অনলাইনে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ তৈরী হয়েছে। | dyd.gov.bd-> ই-সেবা-> ই-লানিং ও মুক্তপাঠ। | সেবা চালু রয়েছে |
| ০৫. | মোবাইল ব্যাংকের মাধ্যমে ঋণের কিস্তি আদায়<br>তারিখ: ২৯/০৮/২০১৪ খ্রি. | মোবাইল ব্যাংকিং সেবা প্রদানের জন্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে ডাচ-বাংলা-মোবাইল ব্যাংককে (যা বর্তমানে রকেট নামে পরিচিত) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে নির্বাচন করা হয়। ঋণ গ্রহীতাদের নিজ নিজ মোবাইল ব্যাংকের হিসাব খোলা এবং প্রত্যেকের নামে ঋণ পরিশোধের আইডি প্রস্তুত করে তা সরবরাহ করা হয়।<br>মোবাইল ব্যাংকের মাধ্যমে ঋণের কিস্তি পরিশোধের বিষয়ে ঋণীদের প্রশিক্ষণ দেয়া হয়। মোবাইল ব্যাংকের মাধ্যমে কিস্তি প্রদান এবং প্রাপ্তির নিশ্চিত করা মেসেজ এবং ডিজিটালী তথ্য সংরক্ষণ করা। | কার্যকর আছে।<br>(১৮ জেলায় বাস্তবায়ন করা হচ্ছে) | এ কার্যক্রম বাস্তবায়নের ফলে ঋণী গ্রহীতাদের সময়, খরচও যাতায়ত কমেছে। নগদ অর্থ বহনের ঝুঁকি লাঘব হয়েছে, ঋণ আদায়কারি নিকট অর্থ হস্তমজুদ বা আত্মসাতের সুযোগ বন্ধ হয়েছে, স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত হয়েছে ফলে যুবদের এ দপ্তরের প্রতি আস্থা বেড়েছে। | https://mbwebreport.dutchbanglabank.com/mbwebreport/ | সেবা চালু রয়েছে |

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০৬. | ডিজিটালী ঋণ আদায় ও রেকর্ড সংরক্ষণ তারিখ: ০৪/০৩/২০২৪ খ্রি. | ঋণ গ্রহীতাগণ তাদের ঋণের কিস্তি মোবাইল ব্যাংক-এর মাধ্যমে পরিশোধ করতে পারেন। সেবা গ্রহীতা যুব মোবাইল মেসেজের মাধ্যমে পরিশোধের তথ্য নিশ্চিত হতে পারে। সেবাদাতা উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর মোবাইল ব্যাংক-এর পোর্টাল থেকে প্রতিটি উপজেলা স্ব স্ব উপজেলা কার্যালয়ের অনুকূলে পরিশোধিত ঋণের তথ্য দেখতে পায় এবং পরিশোধিত ঋণের তথ্য স্ব স্ব উপজেলা কার্যালয় সফটওয়্যারে মাস্টার রেজিষ্টার অংশে এন্ট্রি করে ঋণ পরিশোধের ডাটাবেজ তৈরি করতে পারেন।<br><br>ডিজিটালী ঋণ পরিশোধের তথ্য সংরক্ষিত থাকায় ঋণীগণ তার মোবাইল, ল্যাপটপ বা অনুরূপ কোনো ডিজিটাল ডিভাইস থেকে তার ঋণ পরিশোধের তথ্য জানতে পারেন বা প্রিন্ট নিতে পারেন। | কার্যকর আছে। | ঋণ পরিশোধ সহজ, সাশ্রয়ী হয়েছে, ডিজিটাল ঋণের পাসবই প্রাপ্তির সুযোগ সৃষ্টি হয়েছে। ঋণ কার্যক্রমের অভ্যন্তরীণ মনিটরিং ও ঋণ নিরীক্ষা সহজ হয়েছে। | http://103.48.16.204/loanee/ | সেবা চালু রয়েছে |

29.04.2024

মোঃ শাহীনুর রহমান
উপ-পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)
যুব উন্নয়ন অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা।